


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



নং-৪৬.০০.১৫০০.০৪২.৯৯.০৭৯.২০২১ ৪২৭

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭  
০৭ মার্চ ২০২১

বিষয়: চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলা পরিষদে জেলা পরিষদের মালিকানাধীন ডাকবাংলোটি ভেঙে নতুন ডাকবাংলো নির্মাণ সংক্রান্ত।

সূত্র: ড. হাছান মাহমুদ, এমপি, মাননীয় মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় এর স্মারক নং-১৫.০০.০০০০.০০১.১৪.১৯-১০৭;  
তারিখ: ০২/০৩/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত ড. হাছান মাহমুদ, এমপি, মাননীয় মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রটি এ সাথে প্রেরণ করা হলো। চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলা পরিষদে জেলা পরিষদের মালিকানাধীন ডাকবাংলোটি ব্যবহার অনুপযোগী হলে অত্র বিভাগের ০৬/১১/২০০৭ তারিখের ২৬৯৭নং স্মারকে জারীকৃত পরিপত্র অনুসরণপূর্বক বিধিসম্মত প্রক্রিয়ায় ডাকবাংলো নির্মাণের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:.....০২.....পাতা।

(মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী)  
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

[Email-lqzp@lgd.gov.bd](mailto:Email-lqzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, চট্টগ্রাম।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৪। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।



সি. সচিব  
আসনের প্রতিনিধিত্ব  
সুন্দেহাদেব. ০২/১১/২০

ড. হাছান মাহমুদ, এমপি  
মন্ত্রী  
তথ্য মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নং-১৫.০০.০০০০.০০১.১৪.১৯- ২০৭

তারিখ: ২/১১/২০  
১৯ ফেব্রুয়ারি ১৪২৭  
২ মার্চ ২০২১

বিষয় : চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার জরাজীর্ণ ডাকবাংলোর জন্য বরাদ্দকৃত ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা খাত পরিবর্তনসহ প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রসঙ্গে

## মাননীয় মন্ত্রী মহোদয়

আন্তরিক সালাম ও শুভেচ্ছা নিবেন। আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে, আমার নির্বাচনী এলাকা ২৮৪, চট্টগ্রাম-৭, রাঙ্গুনিয়া ও বোয়ালখালী (আংশিক) ১৫টি ইউনিয়ন ও একটি প্রথম শ্রেণীর পৌরসভা নিয়ে গঠিত। রাঙ্গুনিয়া উপজেলা পরিষদ চত্বরে ১৯৮২ সালে নির্মিত একটি জরাজীর্ণ ব্যবহার অনুপযোগী ডাকবাংলো রয়েছে। চট্টগ্রাম জেলা পরিষদ কর্তৃক নির্মিত বিদ্যমান উপজেলা ডাকবাংলোটি বেশ পুরোনো এবং আকারেও ছোট। এটি অত্যন্ত ভগ্ন ও জরাজীর্ণ হওয়ায় এতে বসবাস বা অতিথিদের পক্ষে অবস্থান করা দুঃসাধ্য। ডাকবাংলোটির দেয়ালে পলেস্তার পড়ে দেয়াল নষ্ট হওয়াসহ এর মেঝেগুলো ভেঙ্গে কক্ষগুলো বসবাসের অনুপযোগী হয়ে পড়েছে। এছাড়া দরজা, জানালাসমূহ ভেঙ্গে থাকার কারণে বর্ষাকালে বৃষ্টির পানি ঢুকে কক্ষগুলোর ভিতরে সঁাতসঁাতে ভাবসহ প্রতিনিয়ত দুর্গন্ধ তৈরি হয়, যার কারণে এখানে কোনো অতিথি অবস্থান করতে পারেন না। ফলে ডাকবাংলোটি দীর্ঘদিন অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। বর্তমান পরিস্থিতিতে ডাকবাংলোটি ভেঙ্গে নতুন ডাকবাংলো নির্মাণ করা প্রয়োজন। ইতিপূর্বে ২০১৮-২০১৯ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) আওতায় ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। যা দিয়ে ডাকবাংলোটি সংস্কার কাজ সম্পন্ন করা সম্ভব নয়।

এমতাবস্থায়, উল্লেখিত বিষয় সদয় বিবেচনা করে আমার নির্বাচনী এলাকা রাঙ্গুনিয়া উপজেলা পরিষদে অবস্থিত জরাজীর্ণ ডাকবাংলোটির জন্য বরাদ্দকৃত ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার খাত পরিবর্তন করত: একটি নতুন ডাকবাংলো নির্মাণে উক্ত ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা পুন: বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে আপনার ব্যক্তিগত উদ্যোগ ও একান্ত সহযোগিতা কামনা করছি।

স্থানীয় সরকার বিভাগ	
সিনিয়র সচিবের দপ্তর	
১) অতিরিক্ত সচিব	২) প্রশাসন
২) মহাপরিচালক	৩) নগর উন্নয়ন
৩) যুগ্মসচিব	৪) উন্নয়ন
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)	৫) পানি সরবরাহ (শাস)
	৬) উপজেলা অধিশাখা
	৭) ইউপি অধিশাখা
	৮) অডিট অধিশাখা
	৯) আইন অধিশাখা
ডায়েরি নম্বর:.....	স্বাক্ষর
তারিখ:.....	

ইন্যাবাদান্তে,

ড. হাছান মাহমুদ, এমপি

মন্ত্রী

তথ্য মন্ত্রণালয়

জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি

মাননীয় মন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

১। চেয়ারম্যান, জেলা পরিষদ, চট্টগ্রাম

২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম